যুগান্তর

তারিখ 05 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# বাংলাদেশী দুই বিজ্ঞানী পাচ্ছেন পদার্থবিজ্ঞানে বিশেষ পুরস্কার

**যুগান্তর ডেস্ক**

মহাকর্ষীয় তরঙ্গ শনাক্তকারী বিজ্ঞানীরা ৩০ লাখ ডলারের পদার্থবিজ্ঞানের ব্রেক থ্রু পুরস্কার পাচ্ছেন। প্রায় এক হাজার বিজ্ঞানীর এই তালিকায় বাংলাদেশী দুই বিজ্ঞানীর নাম রয়েছে। তারা হলেন, সেলিম শাহরিয়ার ও দীপঙ্কর তালুকদার।

ব্রেক থ্রু প্রাইজের ওয়েবসাইটে দেয়া তথ্য অনুযায়ী, বিজ্ঞানী আইনস্টাইন ১০০ বছর আগে যে মহাকর্ষীয় তরঙ্গের কথা বলেছিলেন, তা শনাক্ত করার জন্য বিশেষ এই পুরস্কার পাচ্ছেন লেজার ইন্টারফেরোমিটার গ্র্যাভিটেশনাল-ওয়েভ অবজারভেটরির (লিগো) প্রতিষ্ঠাতা রোনাল্ড ডব্লিউ পি ড্রিভার, কিপ এস থ্রোন, রেইনার ওয়েসিসসহ এই আবিষ্কারের সঙ্গে যুক্ত বিশ্বের বিভিন্ন দেশের ১ হাজার ১২ জন বিজ্ঞানী। তিন মিলিয়ন ডলারের এই পুরস্কারের অর্থ দুই ভাগে ভাগ হবে। লিগোর প্রতিষ্ঠাতা তিনজন মিলে পাবেন এক মিলিয়ন মার্কিন ডলার আর বাকি ১ হাজার ১২ জন গবেষক মিলে পাবেন বাকি দুই মিলিয়ন মার্কিন ডলার। চলতি বছরের শেষে একটি অনুষ্ঠানের মাধ্যমে তাদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে। ব্রেক থ্রু প্রাইজ জয়ীর তালিকায় থাকা অন্য পাঁচ বাঙালি বিজ্ঞানী হচ্ছেন সোমক রায় চৌধুরী, তরুণ সৌরদীপ, সুকান্ত বসু, আনন্দ সেনগুপ্ত ও সঞ্জিত মিত্র। ২০১৩ সালে স্পেশাল ব্রেক থ্রু প্রাইজ জয়ী স্টিফেন হকিং বলেন, এই আবিষ্কারের বিশাল গুরুত্ব রয়েছে। প্রথমত, এটি আপেক্ষিকতা তত্ত্বের প্রমাণ ও দুই ব্ল্যাকহোলের (কৃষ্ণগহ্বর) মিলনের ফলে সৃষ্ট মহাকর্ষ তরঙ্গের পূর্বাভাস দিতে সক্ষম। দ্বিতীয়ত, নতুন জ্যোতির্বিদ্যার যুগ শুরু হবে যাতে পুরো বিশ্বকে ভিন্ন একটি মাধ্যমে দেখার সুযোগ হবে। লাইগো টিম এ পুরস্কারের দাবি রাখে।